



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৪৫

দেশের মানুষ শেখ হাসিনাকেই ক্ষমতায় রাখবে

: খাদ্যমন্ত্রী

রাজশাহী; ২৫ ভাদ্র (০৯ সেপ্টেম্বর):

আওয়ামীলীগ ক্ষমতায় আসার পর থেকে দেশের সর্বত্র উন্নয়ন হয়েছে। তাই আগামী নির্বাচনে আবারও দেশের মানুষ নৌকা মার্কায় ভোট দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ক্ষমতায় রাখবে বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

শুক্রবার (৯ সেপ্টেম্বর) দুপুরে নওগাঁর নিয়ামতপুরে জেলা পরিষদ মিলনায়তনে উপজেলা সেচ্ছাসেবক লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য এসব কথা বলেন তিনি।

মন্ত্রী বলেন, বাংলাদেশে আর কখনো তত্ত্বাবধায়ক সরকার আসবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় থেকেই আগামী নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামী নির্বাচন ইভিএম না ব্যালোটে হবে তা ঠিক করবে নির্বাচন কমিশনার

সাধন চন্দ্র মজুমদার বলেন, বিএনপি দেশে আগুন, সন্ত্রাস আর জ্বালাও পোড়াও করে দেশকে অস্থিতিশীল করে তুলেছিলো। তারা আবারও আন্দোলনের নামে দেশকে অস্থিতিশীল করে তোলার চেষ্টা করছে। আওয়ামী লীগের নেতাকর্মীদের শরীরে শেষ বিন্দু পরিমান রক্ত থাকতে তাদের এই ষড়যন্ত্র সফল হবে না। এসময় তারেক জিয়াকে উদ্দেশ্যে করে মন্ত্রী বলেন, দেশের মানুষ আর ঘোলা পানিতে মাছ শিকার করতে দিবে না। সাহস থাকলে দেশে এসে রাজনীতি করেন।

আগামী নির্বাচন সামনে রেখে নেতাকর্মীদের সাংগঠনিক কর্মকান্ড আরো শক্তিশালী ও সুসংগঠিত করার আহ্বান জানান মন্ত্রী।

সম্মেলনে কেন্দ্রীয় সেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি আব্দুর রাজ্জাক, যুগ্ম সাধারণ সম্পাদক খায়রুল হাসান জুয়েল, নওগাঁ জেলা সেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সভাপতি আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক এ্যাডভোকেট ওমর ফারুক সুমন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক জাহিদ হাসান বিল্লব বক্তব্য রাখেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/রোকন/২০২২/১৭.২০ঘ.